দৈনিক
জনকণ্ঠ ৭
ঢাকা ॥ মঙ্গলবার ২৫ শ্রাবণ ১৪১২, ৯ আগস্ট ২০০৫

# সরাসরি চাকরির নিয়োগপত্র পেল ৩শ' বেকার

**স্টাফ রিপোর্টার ॥** তিন শ' বেকারের ভাগ্য পরিবর্তনের মধ্য দিয়ে সোমবার শেষ হলো দু'দিনব্যাপী চাকরিমেলা। বেসরকারী প্রতিষ্ঠান যুব কর্মসংস্থান সোসাইটির উদ্যোগে রাজধানীর ওসমানী মিলনায়তনে অনুষ্ঠিত এই মেলায় ২২টি কোম্পানি তিন শ' লোকের চাকরি দিয়েছে। যেখানে একটি চাকরির জন্য দিনের পর দিন, এমনকি বছরের পর বছর ধরে পথ হেঁটেও কোন ঠিকানা হয় না– সেখানে সরাসরি নিয়োগপত্র হাতে ধরিয়ে দেয়া হয়েছে এই মেলার মাধ্যমে।

সমাপনী অনুষ্ঠানে তাদের হাতে তুলে দেয়া হয় নিয়োগপত্র। এর আগে তিন শ' পদের জন্য প্রায় চৌদ্দ হাজার লোক সাক্ষাতকার দেয়।

এদিকে শেষ দিনে "উন্নয়নের জন্য প্রয়োজন সবার উপযোগী কর্মসংস্থান" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বক্তৃতা করেন বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক ড. আবুল বারকাত, সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল এমপি, অধ্যাপক মীজানুর রহমান, রুহিন হোসেন প্রিন্স, বেসিস-এর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক একেএম ফাহিম মাশরুর প্রমুখ। সেমিনারে বক্তারা বলেন, দেশে তিন থেকে চার কোটি লোক বেকার থাকলেও সরকারের কোন কর্মপরিকল্পনা নেই। সবকিছুতেই একটি হ-য-ব-র-ল অবস্থা। দেশের বেকারত্ব দূর করে জনশক্তিকে কাজে লাগাতে হলে অবশ্যই সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা থাকতে হবে। রবিবার থেকে শুরু হওয়া মেলার শেষ দিনেও ছিল চাকরিপ্রার্থীদের প্রচণ্ড ভিড়।